

ভুলে থাকার কথা ছিল লিরিক্স:-

ভুলে থাকার কথা ছিল
তোমারই, আমার তো নয়।
কথা রাখার কথা ছিল
তোমারই, আমার তো নয়।

সোনা নদীর কোণাতে অই,
কোল ছাপানো লহর এলে,
একা তুমি আঁকবে কিছু,
পূর্ণ চাঁদের প্রহর এলে।

ছবি আঁকার কথা ছিল
তোমারই, আমার তো নয়।

ভুলে থাকার কথা ছিল
তোমারই, আমার তো নয়।
কথা রাখার কথা ছিল
তোমারই, আমার তো নয়।

কথা ছিল ভালোবাসায়
আসব আমি মালা দিতে,
তুমি শুধু ডাকবে আমায়,
অবহেলার জ্বালা দিতে।

চাঁপা বনের কাঁপা হাওয়া,
আরও কিছু সরল হলে!
অভিমানের যত সুধা,
পরিহাসের গরল হলে!

হাসি ঢাকার কথা ছিল
তোমারই, আমার তো নয়।

ভুলে থাকার কথা ছিল
তোমারই, আমার তো নয়।
কথা রাখার কথা ছিল
তোমারই, আমার তো নয়।
ভুলে থাকার কথা ছিল
তোমারই, আমার তো নয়।